আগামীর সময়
১১ The Daily Agamir Somoy
বৃহস্পতিবার । ১২ নভেম্বর ২০২৬ | ২৭ কার্তিক ১৪৩৩ | ১ জমাদিউস সানি ১৪৪৮

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.
রাজশাহী শাখা, রাজশাহী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক

বিক্রয় ও ভোগ দখলের অধিকারপ্রাপ্ত সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. রাজশাহী শাখা, রাজশাহী এর খেলাপী ঋণ গ্রহীতা মোঃ মাজদার রহমান, প্রোপ্রাইটারঃ জনাব মোঃ মাজদার আলী সরকার ওরফে মাজদার রহমান, পিতাঃ মৃত কফিল উদ্দীন সরকার সাং-মধুপুর, পোঃ- দামকুড়া হাট, থানা- পবা, জেলা- রাজশাহী এর নিকট হতে আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের লক্ষ্যে ১ম যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, রাজশাহী বরাবর দায়েরকৃত ২৪/২০১৫-নং অর্থজারী মোকদ্দমায় বিজ্ঞ আদালত বিগত ১৪/১০/২০১৯ ইং তারিখে ব্যাংকের অনুকূলে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক "বিক্রয় ও ভোগ দখলের অধিকার" সংক্রান্ত সার্টিফিকেট ইস্যু করেন। উক্ত ঋণের বিপরীতে ১) জনাব মোঃ মাজদার আলী সরকার ওরফে মাজদার রহমান ২) জনাব আব্দুল মজিদ সরকার ৩) জনাব আব্দুল আজিজ সরকার সকলের পিতাঃ মৃত কফিল উদ্দীন সরকার সাং-মধুপুর, পোঃ- দামকুড়া হাট, থানা- পবা, জেলা- রাজশাহী কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলী ঃ

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ১০.১২.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., রাজশাহী শাখা, রাজশাহী এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

জেলাঃ রাজশাহী, থানাঃ পবা, মৌজাঃ হরিপুর, জে এল নং ঃ ৪০, মধ্যে

এসএ খং নং	আর এস খতিয়ান নং	প্রস্তাবিত খং নং	জমাবন্দী নং	সাবেক দাগ নং	আর এস দাগ নং	জমির পরিমাণ
৭৬৯	১৭২	১৭২/১	১৮২২	১১৮৬/২২২৬	৩০০১	১.৮০ একর
		১৮১৯	১৮৫৯	১১৮৬/২২২৭	৩০২৫	৪.৫০ একর
		১৮২০	১৮৬০		৩০২৬	১.৭৪ একর
					মোটঃ	৮.০৪ একর

পক্ষেঃ ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. রাজশাহী শাখা, রাজশাহী। ফোন নং-০১৭১১৪১৯০৭৯